

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০  
[www.imli.gov.bd](http://www.imli.gov.bd)

স্মারক নং : ৩৭.২৬.০০০০.১০৭.১৯.০০১.১৯-৩৩৩


০৪ অগ্রহায়ণ ১৪২৭  
তারিখ: -----  
১৯ নভেম্বর ২০২০

**বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২০-১২৪, তাং-০৩/১১/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উত্তম চর্চা (Best Practice) বিষয়ক প্রতিবেদন তাঁর সদয় অবলোকন ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ (দুই) পৃষ্ঠা।

  
(অধ্যাপক জীনাৎ ইমতিয়াজ আলী)  
মহাপরিচালক

ফোন: ৮৩৯১৩৪৬

ই-মেইল: [imli.moebd@gmail.com](mailto:imli.moebd@gmail.com)

সচিব  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃ. আ. উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি  
১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০  
[www.imli.gov.bd](http://www.imli.gov.bd)

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উত্তম চর্চা (Best Practices)

১। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

২। উত্তম চর্চার শিরোনাম: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের গ্রন্থাগারে 'একুশে কর্নার' স্থাপন

৩। উত্তম চর্চার বিবরণ: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ৫ম তলায় একটি বিশেষায়িত গ্রন্থাগার স্থাপন করা হয়েছে। এ গ্রন্থাগারে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির মহান ভাষা আন্দোলন বিষয়ক রচিত গ্রন্থাবলি সংরক্ষণ ও পাঠের সুবিধার জন্য 'একুশে কর্নার' স্থাপন করা হয়েছে।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন, ২০১০-এর ধারা ৭ (২০) অনুসারে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক আন্তর্জাতিক মানের লাইব্রেরি স্থাপনের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর অধীনে ইনস্টিটিউটের ৫ম তলায় একটি গ্রন্থাগারে স্থাপন করা হয়। বর্তমানে গ্রন্থাগার অটোমেশনের কার্যক্রম চলমান। এ গ্রন্থাগারে ভাষা, ভাষাবিজ্ঞান, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনী সংক্রান্ত পুস্তকের সমৃদ্ধ সংগ্রহ রয়েছে। এ সংক্রান্ত পুস্তকসমূহ পাঠ ও গবেষণার জন্য পাঠক ও গবেষকগণ নিয়মিত এ গ্রন্থাগারে আসেন। এ গ্রন্থাগারে পুস্তকসমূহ বিশেষ বিষয়ভিত্তিক বিন্যস্ত করা হয়। ফলে গ্রন্থাগারের বিভিন্ন শেলফ থেকে পাঠক ও গবেষকগণের পক্ষে কাঙ্ক্ষিত বিষয়ের বিশেষ করে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির মহান ভাষা আন্দোলন বিষয়ক পুস্তক খুঁজে বের করার বিষয়টি সময় সাপেক্ষ হয়ে দাঁড়ায়। ফলে সময়ের অপচয় ঘটে এবং অনেক সময় গুরুত্বপূর্ণ পুস্তক তাদের দৃষ্টি এড়িয়ে যায়।

এ সমস্যা সমাধানকল্পে গ্রন্থাগারের উত্তর-পূর্ব পাশে 'একুশে কর্নার' স্থাপন করা হয়। উক্ত কর্নারে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির মহান ভাষা আন্দোলন সংক্রান্ত সকল পুস্তক পৃথকভাবে শেলফ-এ রাখা হয়েছে এবং সেখানে বসেই পুস্তক পাঠের জন্য সুযোগ রাখা হয়েছে।

এ ব্যবস্থা গ্রহণের ফলে নিম্নোক্ত সুবিধা সৃষ্টি হয়েছে:

- ক. ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির মহান ভাষা আন্দোলন বিষয়ক ইনস্টিটিউটের গ্রন্থাগারের সকল পুস্তক এক স্থানে সংরক্ষিত হয়েছে;
- খ. পাঠক ও গবেষকদের এ সংক্রান্ত কাঙ্ক্ষিত পুস্তক সহজেই খুঁজে পেতে ও পাঠ করতে সুবিধা হয়েছে;
- গ. সময় অপচয় হ্রাস পেয়েছে;

১৯/১১/২০২০

৪। প্রমাণক : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের গ্রন্থাগারে স্থাপিত 'একুশে কর্নার'-এর আলোকচিত্র।



*(অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী)*

মহাপরিচালক

ফোন: ৮৩৯১৩৪৬

ই-মেইল: imli.moebd@gmail.com

*১৯  
২২/১১/২০২০*